



বাংলাদেশ ব্যাংক
হিউম্যান রিসোর্সেস ডিপার্টমেন্ট-১
(রিক্রুটমেন্ট এন্ড আউটসোর্সিং উইং)
প্রধান কার্যালয়
ঢাকা।



বিজ্ঞপ্তি নং : ৪৪/২০২০

তারিখ : ২৪ ভাদ্র, ১৪২৭
০৮ সেপ্টেম্বর, ২০২০

দি সিকিউরিটি প্রিন্টিং করপোরেশন (বাংলাদেশ) লিঃ-এ নিয়োগের উদ্দেশ্যে আবেদনকারী
প্রার্থীদের নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রবেশপত্র ডাউনলোড করা প্রসঙ্গে।

দি সিকিউরিটি প্রিন্টিং করপোরেশন (বাংলাদেশ) লিঃ-এর ১০ম-১১তম(থ্রেড) এর ৭টি ক্যাটাগরির পদে সরাসরি নিয়োগের উদ্দেশ্যে গত ০৭/০১/২০২০ তারিখে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তি নং- ০৭/২০২০ এর সূত্রে জানানো যাচ্ছে যে, উক্ত ৭টি ক্যাটাগরির মধ্যে 'অফিসার(জেনারেল)' পদের এমসিকিউ ও লিখিত পরীক্ষায় অংশগ্রহণের জন্য অনলাইনে আবেদনকারী প্রার্থীদের মধ্য হতে প্রাথমিকভাবে যোগ্য বিবেচিত প্রার্থীদের প্রবেশপত্র বাংলাদেশ ব্যাংকের নিয়োগ সংক্রান্ত ওয়েবসাইটে (<https://erecruitment.bb.org.bd>) আপলোড করা হয়েছে।

০২। পরীক্ষায় অংশগ্রহণেচ্ছু প্রার্থীদেরকে ০৯/০৯/২০২০ তারিখ হতে ০৮/১০/২০২০ তারিখের মধ্যে উল্লিখিত ওয়েবসাইট হতে প্রবেশপত্র সংগ্রহের জন্য পরামর্শ দেয়া যাচ্ছে।

০৩। নির্ধারিত তারিখের পরে প্রবেশপত্র ডাউনলোডের কোনো সুযোগ থাকবে না।

০৪। পরীক্ষার তারিখ, সময় এবং কেন্দ্রের নাম ও ঠিকানা পরবর্তীতে বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইট এবং জাতীয় দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তির মাধ্যমে জানিয়ে দেয়া হবে।

০৫। 'অফিসার(জেনারেল)' পদে ম্যানুয়াল পদ্ধতিতে আবেদনকারী বিভাগীয় প্রার্থীদের প্রবেশপত্র পরীক্ষার তারিখ নির্ধারিত হওয়ার পর তাদের বর্তমান ঠিকানা বরাবর প্রেরণ করা হবে।

০৬। এছাড়া, অন্য ০৬ টি ক্যাটাগরির পদের নিয়োগ সংক্রান্ত কার্যক্রম পরবর্তীতে বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইট এবং জাতীয় দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তির মাধ্যমে জানিয়ে দেয়া হবে।

স্বাক্ষরিত/-
(কাজী আকতারুল ইসলাম)
মহাব্যবস্থাপক